



দ্বৈত নাগরিকত্বের প্রশ্নে যা বললেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

দ্বৈত নাগরিকত্ব ত্যাগ করেছেন কি না, সাংবাদিকদের এমন প্রশ্নের সরাসরি উত্তর না দিয়ে নিজের দেশপ্রেম ও বাংলাদেশের প্রতি অবস্থানের কথা তুলে ধরেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি বলেন, তিনি বাংলাদেশের মানুষ হিসেবেই দেশে এসেছেন এবং দেশের স্বার্থে কাজ করতেই মন্ত্রীর দায়িত্ব নিয়েছেন। তার দেশপ্রেম কিংবা দেশের প্রতি অবস্থান নিয়ে প্রশ্ন তোলার সুযোগ নেই বলেও মন্তব্য করেন তিনি।

দ্বৈত নাগরিকত্ব নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা প্রসঙ্গে এক সাংবাদিক বিষয়টি তুলে ধরলে প্রতিমন্ত্রী রসিকতা করে সিলেটি আঞ্চলিক ভাষার টানে বলেন, তিনি সিটিজেন নিয়ে আসেন, নেটিভেন নিয়ে নয়।

পরে সাংবাদিকরা জানান, সামাজিক যোগাযোগমাধ্যমে তার দ্বৈত নাগরিকত্ব নিয়ে আলোচনা চলছে এবং এ বিষয়ে গণমাধ্যমেও প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

এর জবাবে হুমায়ুন কবির কিছুটা রসিকতার সুরে বলেন, কোন সংবাদপত্র এ খবর প্রকাশ করেছে এবং তাদের এত আগ্রহের কারণ কী। তিনি এ প্রসঙ্গে অতীতের রাজনৈতিক ঘটনাপ্রবাহের কথাও টেনে আনেন।

দেশের স্বার্থে দৃঢ় অবস্থানের কথা তুলে ধরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দেশপ্রেমিক মানুষ, গণমাধ্যম, রাজনৈতিক নেতৃবৃন্দসহ সবাইকে নিয়ে দেশের পক্ষে কাজ করতে হবে। সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশকে আরও এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।